# সংকল্প

কাজী নজরুল ইসলাম

থাকব না কো বদ্ধ ঘরে, দেখব এবার জগৎটাকে, —
কেমন করে ঘুরছে মানুষ যুগান্তরের ঘূর্ণিপাকে।
দেশ হতে দেশ দেশান্তরে
ছুট্‌ছে তারা কেমন করে,
কিসের নেশায় কেমন করে মরছে যে বীর লাখে লাখে,
কিসের আশায় করছে তারা বরণ মরণ-যন্ত্রণারে॥

কেমন করে বীর ডুবুরি সিন্ধু সেঁচে মুক্তা আনে,
কেমন করে দুঃসাহসী চল্‌ছে উড়ে স্বর্গপানে।
জাপ্‌টে ধরে ঢেউয়ের ঝুঁটি
যুদ্ধ-জাহাজ চল্‌ছে ছুটি,
কেমন করে আন্‌ছে মানিক বোঝাই করে সিন্ধু-যানে,
কেমন জোরে টান্‌লে সাগর উথ্‌লে ওঠে জোয়ার-বানে।

কেমন করে মথ্‌লে পাথার লক্ষ্মী ওঠেন পাতাল ফুঁড়ে,
কিসের অভিযানে মানুষ চলছে হিমালয়ের চূড়ে।
তুহিন মেরু পার হয়ে যায়
সন্ধানীরা কিসের আশায়;
হাউই চড়ে চায় যেতে কে চন্দ্রলোকের অচিন্‌ পুরে;
শুনবো আমি, ইঙ্গিত কোন্‌ ‘মঙ্গল’ হতে আস্‌ছে উড়ে॥

কোন্‌ বেদনায় টিকি কেটে চন্ডু-খোর এ চীনের জাতি
এমন করে উদয়-বেলায় মরণ-খেলায় ওঠ্‌ল মাতি।
আয়র্লন্ড আজ কেমন করে
স্বাধীন হতে চলছে ওরে;
তুরষ্ক ভাই কেমন করে কাট্‌ল শিকল রাতারাতি!
কেমন করে মাঝ-গগনে নিব্‌ল গ্রীসের সূর্য-বাতি॥

রইব না কো বদ্ধ খাঁচায়, দেখব এ-সব ভূবন ঘুরে-
আকাশ-বাতাস চন্দ্র-তারায় সাগর-জলে পাহাড়-চূঁড়ে।
আমার সীমার বাঁধন টুটে
দশ দিকেতে পড়ব লুটে;
পাতাল ফেড়ে নাম্‌ব নীচে, ওঠ্‌ব আবার আকাশ ফুঁড়ে;
বিশ্ব-জগৎ দেখবো আমি আপন হাতের মূঠোয় পুরে॥

সৌজন্যেঃ নজরুল রচনাবলী, ৩য় খন্ড, বাংলা একাডেমী, ঢাকা, ১৯৯৬; পৃষ্ঠা, ৫৬৭-৫৬৮।

====================================
**Kazi Nazrul Islam Page: http://www.nazrul.org**